Total No. of printed pages = 12

22T-MBEN

**2012**

# BENGALI

(Modern Indian language)

Full Marks – 100

Time – Three hours

| | |
|---|---|
| **Group - A** | **: (New Course)** |
| **Page No. 1–7** | **Q. No. 1–10** |
| **Group - B** | **: (Old Course)** |
| **Page No. 8–12** | **Q. No. 11–20** |

The figures in the margin indicate full marks for the questions.

## GROUP - A

**(New Course)**

১। অর্থ লেখো ঃ ১+১=২

(ক) রুদ্ররোষ অথবা পদরজ।

(খ) সর্ববিদ্যাবিশারদ অথবা মনোবৈজ্ঞানিক।

Contd.

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) 'বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি'........ রূপ খুঁজিতে যাই না আর। (শূন্য স্থান পূর্ণ করো)

(খ) কাবাভবন কী

(গ) "ঘৃণা করিয়াছ তুমি প্রাণের ঠাকুরে" — 'প্রাণের ঠাকুরে' বলতে কী বোঝানো হয়েছে?

(ঘ) মঙ্গলা কে?

(ঙ) পরেশ গল্পের লেখক কে?

(চ) 'William Beebe' রচিত গ্রন্থখানির নাম কী?

(ছ) মূল্যবোধ শিক্ষা কাকে বলে?

(জ) কৈশোর কাল শিশু বিকাশের কোন স্তর?

৩। টীকা লেখো ঃ ২+২=৪

(ক) বেহুলা অথবা কন্‌ফুসিয়াস।

(খ) ওয়াটার্লু অথবা চার্বাক।

৪। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) 'যে বিচারক বা নৈয়ায়িক, কস্মিনকালে কেহ তাহাকে কিছু বুঝাইতে পারে না।' -- কার উক্তি? তার এরূপ মনে হওয়ার কারণ কী?



(খ) বিমলের জেল হয়েছিল কেন?

(গ) সাংখ্য দর্শনের প্রবক্তা কে? সেই দর্শনে কী কী প্রমাণ গ্রাহ্য?

(ঘ) পল্টুর অসুস্থ অবস্থায় পরেশ কোষ্ঠী নিয়ে কার কাছে গিয়েছিলেন? তিনি কী বিধান দিয়েছিলেন?

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) কবির অনুসরণে বাংলার গাছ-গাছালির বর্ণনা দাও।

(খ) "ছেলে নয়, ও 'পাগল' লোহা যেন!' -- কার বা কাদের উক্তি? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে?

(গ) 'যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান' — 'যেখানে' বলতে কবি কী বুঝিয়েছেন ? কী ধরণের বাধা-ব্যবধানের কথা কবি বলেছেন?

৬। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) মূল্যবোধ কীভাবে আহরণ করা যায়?

(খ) কৈশোরকালকে ষ্টেনলিহল কী রকম কাল বলে মনে করেন?

(গ) কৈশোরকালে দৃষ্ট বৌদ্ধিক বিকাশ সম্বন্ধে লেখো।

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ ৫+৫=১০

(ক) "একদিন অমরায় গিয়ে ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়

বাংলার নদী মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়।"

অথবা

"যদি ও রূপা নয়কো রূপাই -- রূপার চেয়ে দামী.

এক কালেতে ওরই নামে সব গাঁ হবে নামী।"

(খ) "গত একশ দেড়শ বৎসরের মধ্যে এক নূতন রকম আপ্তবাক্য সকল দেশের জনসাধারণকে অভিভূত করেছে -- বিজ্ঞাপন'।

অথবা

"কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই'।

৮। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫+৫=১০

(ক) পরেশ চরিত্র আলোচনা করো।

অথবা

'মানুষের মন' গল্প অবলম্বনে পল্টুর চিকিৎসার বর্ণনা করো।



(খ) 'দুর্ভাগা দেশ' কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

অথবা

'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটি অবলম্বনে কবি জীবনানন্দের প্রকৃতি প্রীতির বর্ণনা দাও।

৯। (ক) সূত্র নির্দেশ করে সন্ধি বিচ্ছেদ করো (যে কোনো **চারটি**) ঃ ১×৪=৪

মহাশয়, স্বাধীন, বিবেকানন্দ, উচ্ছেদ, পর্যবেক্ষণ, পুরোহিত।

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো **চারটি**) ঃ ২×৪=৮

গাছপাকা, দশানন, হাটবাজার, পঞ্চবটী, শশব্যস্ত, উপবন।

(গ) প্রত্যয় নির্ণয় করো (যে কোনো **চারটি**) ঃ ১×৪=৪

ঢালাই, মোগলাই, রাঁধুনী, জমকাল, পড়ুয়া, বাবুগিরি।

(ঘ) নিম্নলিখিত প্রবাদ বা বাগবিধিগুলির অর্থ লেখো এবং প্রতিটির সাহায্যে বাক্য গঠন করো (যে কোনো **চারটি**) ঃ ১×৪=৪

অমাবস্যার চাঁদ, ইঁচড়ে পাকা, আষাঢ়ে গল্প, অতি লোভে তাতি নষ্ট, জুতো মেরে গরু দান, ডুবে ডুবে জল খাওয়া।

১০। (ক) যে কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ১৫

(১) তোমার প্রিয় কবি।

(২) ছাত্র সমাজ ও রাজনীতি।

(৩) প্রাকৃতিক দুর্যোগ।

(৪) মহৎ লোকের জীবনী পাঠের সার্থকতা।

(৫) বিজ্ঞানের দান।

(খ) সারাংশ লেখ ঃ ১০

"জগৎ জুড়িয়া আছে এক জাতি, সে জাতির নাম মানুষ জাতি,
এক পৃথিবীর স্তন্যে লালিত একই রবি শশী মোদের সাথী।
শীতাতপ ক্ষুধা তৃষ্ণার জ্বালা সবাই আমরা সমান বুঝি,
কচি কাঁচাগুলি ডাঁটো করে তুলি,
বাঁচিবার তরে সমান যুঝি।
দোসর খুঁজি ও বাসর বাঁধি গো, জলে ডুবি, বাঁচি পাইলে ডাঙ্গা,
কালো আর ধলো বাহিরে কেবল ভিতরে সবারি সমান রাঙা।
বাহিরের ছোপ আঁচড়ে সে লোপ, ভিতরের রং পলকে ফোটে,



বামুন, শূদ্র, বৃহৎ ক্ষুদ্র, কৃত্রিম ভেদ ধুলায় লোটে।
রাগে অনুরাগে নিদ্রিত জাগে আসল মানুষ প্রকট হয়,
বর্ণে বর্ণে নাই রে বিশেষ নিখিল জগৎ ব্রহ্মময়"।

অথবা

"দেশ সম্বন্ধে একটি কথা খুব স্পষ্ট করে বুঝতে হবে — দেশটা কেবল মাটি দিয়ে গড়া নয়, মানুষ দিয়েও গড়া। দেশকে ভালোবাসতে হলে সর্বাগ্রে দেশের মানুষকে ভালোবাসতে হবে। মনে রাখতে হবে যে, দেশের সব চাইতে বড়ো সম্পত্তি হল দেশের মানুষ, দেশের জনবল একটা মস্ত বড়ো বল। ভারতবর্ষ আকারে কত বৃহৎ তা আমাদের জানা আছে। জনসংখ্যার দিক থেকেও ভারতবর্ষ পৃথিবীর বৃহত্তম দেশগুলির অন্যতম। সারা পৃথিবীর লোকসংখ্যা ধরলে দেখা যায়, তার প্রায় এক-ষষ্ঠাংশ বাস করে ভারতবর্ষে। অর্থাৎ প্রতি ছজন মানুষের মধ্যে একজন ভারতবাসী। গর্ব করবার মতো কথা বটে, কিন্তু শুধু সংখ্যাতেই সব সময় কাজ দেয় না। মাত্র পাঁচ কোটি ইংরেজ চল্লিশ কোটি ভারতবাসীর ওপর কত বৎসর রাজত্ব করে গেল। এর একমাত্র কারণ আমাদের নিজেদের মধ্যে মিল ছিল না।"

## GROUP-B

## (Old Course)

১১। অর্থ লেখো ঃ ১+১=২

(ক) 'কাবাভবন' অথবা 'অজ্ঞানের অন্ধকারে'।

(খ) 'অমাত্য সভা' অথবা 'কারুখচিত কবরচূড়া'।

১২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) 'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে' —ধানসিঁড়ি কি?

(খ) 'হে মোর দূর্ভাগা দেশ ......... করেছ অপমান'। (শূন্যস্থান পূরণ কর)

(গ) 'বেণে বড় দুষ্টশীল' -- 'দুষ্টশীল' বলতে কাকে বোঝানো হয়েছে ?

(ঘ) 'আশা' কবিতাটি কার রচনা?

(ঙ) কাকতালীয় ন্যায় কী?

(চ) 'রাজবিদ্রোহী' কাহিনীটি কোন উপন্যাসের অন্তর্ভুক্ত?

(ছ) 'কৌটিল্যের অর্থশাস্ত্র' কী?

(জ) 'অনেকের কাছে আমরা ..........'। (শূন্যস্থান পূর্ণ করো)



১৩। টীকা লেখো ঃ ৩+৩=৬

(ক) 'ইনফ্যান্টাইল লিভার' অথবা 'চার্বাক'।

(খ) 'কার্তিকের নবান্নের দেশ' অথবা 'দধীচি'।

১৪। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) 'বৈজ্ঞানিক বুদ্ধি' অভিধানটির ইংরাজি প্রতিশব্দ কি ও তার অর্থ কী?

(খ) 'আমাদের একটা বিশিষ্ট ধর্ম আছে'— এখানে কাদের কোন ধর্মের কথা বলা হয়েছে? সেই ধর্মের বৈশিষ্ট্য কী?

(গ) ভারতবর্ষের মধ্যে যে প্রতিভা রয়েছে তার বর্ণনা করো।

(ঘ) 'ধনের সৃষ্টি যেমন জ্ঞানসাপেক্ষ, তেমনি জ্ঞানের সৃষ্টিও মন সাপেক্ষ'— লেখকের এই মন্তব্যের কারণ কী?

১৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) 'দানব সংহার মানবেরি কাজ'—তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) 'যুগান্তর তন্দ্রাহারা জ্যোতির্ময় সূর্য' — কে এবং কেন তাঁর সম্বন্ধে কবি একথা বলেছেন আলোচনা করো।

(গ) 'কিন্তু কেন এ পণ্ডশ্রম, মগজে হানিছ শূল'— কথাটির অন্তর্নিহিত তাৎপর্য কী?

১৬। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ  ৬×২=১২

(ক) "দুরাশার মন্ত্রে মুগ্ধ আমি মূঢ়মতি।
নতুবা যে পথে কোন কবি বিচরণ
করেনি, সে পথে কেন হবে মম গতি"।

অথবা

"সোনা - রূপা নহে বাপা এ বেঙ্গা পিত্তল
ঘষিয়া মাজিয়া বাপা করেছ উজ্জ্বল"।

(খ) "বিজ্ঞানী এবং সর্ব শ্রেণীর বিশেষজ্ঞের উপর জনসাধারণের প্রচুর আস্থা দেখা যায়।"

অথবা

'রামচন্দ্রের যৌবরাজ্যাভিষেকের সময়ে রাজা দশরথ যে বিষয়ে প্রজাবর্গের অভিপ্রায় জানিবার জন্য তাহাদের আহ্বানই ইহার প্রকৃষ্ট প্রমাণ'।

১৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ  ৫×২=১০

(ক) কবি ধরায় দেবতার আবির্ভাব কেন কামনা করেছেন?

(খ) 'রবি প্রণাম' কবিতার মূল বক্তব্য বর্ণনা করো।

(গ) কবি কাকে এবং কেন 'দুর্ভাগাদেশ' বলেছেন?

১৮। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ  ৬×২=১২

(ক) প্রমাণ কাকে বলে? প্রমাণ কয় প্রকার ও কী কী বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিকের মতের পার্থক্য আলোচনা করো।



(খ) 'বই পড়া' প্রবন্ধটিতে প্রকৃত শিক্ষা ও শিক্ষকের সার্থকতা এবং আমাদের স্কুল কলেজের শিক্ষা পদ্ধতি সম্বন্ধে লেখক যা বলেছেন তা আলোচনা করো।

(গ) গিরিশ মহাপাত্রের চরিত্রটি লেখকের অনুসরণে বর্ণনা করো।

১৯। (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো **চারটি**) ঃ  ২×৪=৮

গঙ্গাজল, ভালোমন্দ, শতাব্দী, শূলপাণী; দুর্ভিক্ষ, ভাইফোঁটা।

(খ) প্রত্যয় নির্ণয় করো (যে কোনো **চারটি**) ঃ  ১×৪=৪

চোরামি, মিঠাই, ভাবুক, বাবুয়ানি, ঢাকাই, নাচিয়ে।

(গ) চারটি বিভিন্ন কারকে 'এ' বিভক্তি বাক্যে প্রয়োগ করো।  ৪

অথবা

যে কোনো **চারটি** কারক ও বিভক্তি নির্ণয় করো ঃ  ৪

(১) এ কলমে ভালো লেখা যায় না।

(২) বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দেব কিসে।

(৩) বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা।

(৪) অন্ধ জনে দেহ আলো।

(৫) এ ত মাছ কী হবে ভাই।

(ঘ) অশুদ্ধি সংশোধন করো (যে কোনো **চারটি**) ঃ

১×৪=৪

সন্মান, আযাড়, লক্ষি, মহত্ব, পৌরহিত্য, স্বরসতী।

২০। যে কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো।

১৫

(ক) তোমার প্রিয় কবি।

(খ) ছাত্র সমাজ ও রাজনীতি।

(গ) প্রাকৃতিক দুর্যোগ।

(ঘ) মহৎলোকের জীবনী পাঠের উপযোগিতা।

(ঙ) বিজ্ঞানের দান।